information
and privacy
commission
new south wales

# NSW-এ গোপনীয়তা আইনের একটি নিনির্দেশিকা

তথ্য পত্র
জুন ২০১৪

## আমি কিভাবে আমার গোপনীয়তা রক্ষা করতে পারি?

**NSW গোপনীয়তা আইন আপনার সম্পর্কিত তথ্যের উপর মূলতঃ নজর দেয়, অন্য কথায় ঐ সকল তথ্য যা আপনার পরিচয়কে চিহ্নিত করে। NSW -এ আইন দুই শ্রেনীর তথ্য নিয়ে কাজ করে - ব্যক্তিগত এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্য।**

### ব্যক্তিগত তথ্য কি?

ব্যক্তিগত তথ্য হল যে কোন ধরনের তথ্য যা আপনার পরিচয়কে চিহ্নিত করে এবং যার মধ্যে আছে:

- একটি লিখিত দলিল যাতে হয়ত আপনার নাম, ঠিকানা এবং আপনার সম্পর্কে অন্যান্য বিষয়াদি থাকে
- ছবি, চিত্রকল্প, ভিডিও বা অডিওর অংশ
- হাতের ছাপ, রক্ত বা ডিএনএ নমুনা

### স্বাস্থ্য বিষয়ক তথ্য কি?

স্বাস্থ্য বিষয়ক তথ্য বিশেষ এক ধরনের ব্যক্তিগত তথ্য যার মধ্যে থাকতে পারে আপনার শারীরিক অথবা মানসিক বা প্রতিবন্ধকতা সম্পর্কে তথ্য। আরও থাকে:

- ব্যক্তিগত তথ্য যা আপনি  কোন স্বাস্থ্য বিষয়ক সংস্থাকে দিয়ে থাকেন
- স্বাস্থ্য বিষয়ক কোন ধরনের সেবা আপনাকে দেয়া হয়েছে
- স্বাস্থ্য বিষয়ক কোন ধরনের সেবা আপনাকে দেয়া হতে যাচ্ছে
- স্বাস্থ্য বিষয়ক কোন ধরনের সেবা পাওয়ার জন্য আপনি অনুরোধ করেছেন
- অঙ্গ দান বিষয়ক কিছু ব্যক্তিগত তথ্য
- আপনার, আপনার আত্মীয়-স্বজন অথবা আপনার বংশধর সম্পর্কে কিছু জীনতত্ত্ব বিষয়ক তথ্য

### NSW -এ কিভাবে আমার গোপনীয়তা রক্ষিত হবে?

আপনার গোপনীয়তা রক্ষার জন্য নিউ সাউথ ওয়েলস্-এ বেশ কিছু আইন রয়েছে:

#### গোপনীয়তা এবং ব্যক্তিগত তথ্য রক্ষা আইন ১৯৯৮ (The Privacy and Personal Information Protection Act 1998 - PPIP Act)

- NSW -এ আপনার গোপনীয়তা বজায় রাখার অধিকার রক্ষা করে। এবং তা করা হয় এটা নিশ্চিত করার মাধ্যমে যে NSW -এর সরকারী দপ্তরগু লো তথ্য রক্ষা নীতিমালা (Information Protection Principles-IPPs) অনুসরনের মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্য সঠিকভাবে সংগ্রহ, সংরক্ষন, ব্যবহার বা প্রকাশ করে
- আপনার ব্যক্তিগত বা স্বাস্থ্য সম্পর্কিত তথ্য দেখা বা কোন রকমের পরিবর্তন করার অধিকার আপনাকে দেয়
- আপনি যদি বিশ্বাস করেন যে NSW -এর একটি সরকারী দপ্তর আপনার ব্যক্তিগত তথ্য অপব্যবহার করেছে বা কোন একটি IPPs লঙ্ঘন করেছে সেক্ষেত্রে আপনি নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারের নিকট অভিযোগ করতে পারেন

#### স্বাস্থ্য তথ্য নথিভুক্তকরণে গোপনীয়তা আইন ২০০২ (The Health Records Information Privacy Act 2002 - HRIP Act):

- NSW -এ আপনার গোপনীয়তা বজায় রাখার অধিকার রক্ষা করে। এবং তা করা হয় এটা নিশ্চিত করার মাধ্যমে যে স্বাস্থ্য গোপনীয়তা  নীতিমালা (Health Privacy Principles- HPPs) অনুসরনের মাধ্যমে আপনার ব্যক্তিগত এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সঠিকভাবে সংগ্রহ, সংরক্ষন, ব্যবহার বা প্রকাশ করা হয়
- আপনার ব্যক্তিগত বা স্বাস্থ্য সম্পর্কিত তথ্য দেখা বা কোন রকমের পরিবর্তন করার অধিকার আপনাকে দেয়
- আপনি যদি বিশ্বাস করেন যে NSW -এর একটি সরকারী দপ্তর, স্বাস্থ্য বিভাগ অথবা স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান আপনার ব্যক্তিগত বা স্বাস্থ্যগত তথ্য অপব্যবহার করেছে বা কোন একটি HPPs লঙ্ঘন করেছে সেক্ষেত্রে আপনি নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) নিকট অভিযোগ করতে পারেন

*দ্রষ্টব্য: NSW -এর কিছু সরকারী দপ্তরের ব্যক্তিগত তথ্য পরিচালনার ক্ষেত্রে নির্দিষ্ট কিছু ব্যবস্থা থাকতে পারে।*

*এছাড়াও NSW -এর জনগণ যখন কোন ফেডারেল সরকারী বিভাগের সাথে বা কোন বৃহৎ মাপের বেসরকারী সংস্থার সাথে কাজ-কারবার করে তখন তাদের জন্য কমনওয়েলথ গোপনীয়তা আইন রয়েছে। দয়া করে নীচে লক্ষ্য করুন।*

### কাদের জন্য NSW আইন প্রযোজ্য?

#### IPPs আইন প্রযোজ্য হয়:

- NSW -এর সরকারী দপ্তরসমূহ যার মধ্যে রয়েছে স্থানীয় পৌরসভা এবং বিশ্ববিদ্যালয়সমূহ

#### HRIP আইন প্রযোজ্য হয়:

- NSW -এর সরকারী দপ্তরসমূহ যার মধ্যে রয়েছে স্থানীয় পৌরসভা এবং বিশ্ববিদ্যালয়সমূহ
- সরকারী এবং বেসরকারী  স্বাস্থ্য সংস্থাসমূহ যেমন সরকারী ও বেসরকারী হাসপাতালসমূহ অথবা মেডিক্যাল সেন্টার
- স্বাস্থ্য সেবা প্রদানকারী যেমন আপনারা জিপি, ডেনটিষ্ট, থেরাপিষ্ট, ফিজিওথেরাপিষ্ট, কায়রোপ্রাক্টর, অপটোমেট্রিট
- ৩ মিলিয়ন ডলারের উপরে লেনদেন আছে এমন বড় মাপের ব্যবসা প্রতিষ্ঠান যারা স্বাস্থ্য তথ্য ধরে রাখে যেমন বীমা প্রতিষ্ঠান।

*দ্রষ্টব্য: যে সকল প্রতিষ্ঠান এই সকল আইন সমূহের আওতায় পড়ে না (যেমন ব্যাংক, রিয়েল ষ্টেট এজেন্ট, দোকান বা অন্যান্য বেসরকারী সংস্থাসমূহ) তারা ফেডারেল গোপণীয়তা আইনের আওতায় পড়ে। অষ্ট্রেলিয়ান প্রাইভেসী কমিশনারের অফিসে ১৩০০ ৩৬৩ ৯৯২ নম্বরে ফোন করুন অথবা তাদের ওয়েবসাইট www.oaic.gov.au দেখুন*

## আপনার গোপনীয়তা নিরাপদে রাখার জন্য কিছু ইঙ্গিত

দৈনন্দিন জীবনে আমরা প্রায়ই আমাদের ব্যক্তিগত তথ্য প্রকাশ করে থাকি যেমন নাম, ঠিকানা, স্বাক্ষর, ব্যাংকের বিবরন, ফোন নম্বর এবং আরও অনেক কিছু। আপনার গোপনীয়তা নিরাপদে রাখার জন্য কিছু সাধারন ইঙ্গিত হল:

- আপনার সম্পর্কে কেন তথ্য নেয়া হচ্ছে তা জিজ্ঞেস করার অধিকার আপনার আছে
- আপনার ব্যক্তিগত তথ্য কখনই কোন অপরিচিত ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠানকে দেবেন না যাদের কোন ব্যাবসায়িক ঠিকানা নাই
- পাস ওয়ার্ড, পিন এবং অন্যান্য কোড নম্বরগু লো গোপনীয়তার সাথে নিরাপদে রাখুন
- অনলাইন সামাজিক মিডিয়া বা নেটওয়ার্ক (যেমন ফেস বুক, টুইটার)-এর সময় গোপনীয়তা বজায় রাখুন
- যে সকল চিঠিপত্রে ব্যক্তিগত তথ্য আছে সেগু লো নিরাপদভাবে বিনষ্ট করে দিন (যেমন ছিঁড়ে ফেলুন)

## আমার ব্যক্তিগত বা স্বাস্থ্যগত তথ্য পর্যালোচনা বা পরিবর্তন করতে চাইলে কার সাথে যোগাযোগ করব?

আপনার ব্যক্তিগত বা স্বাস্থ্যগত তথ্য দেখতে চাইলে তথ্য সংগ্রহকারীর সাথে প্রথমে যোগাযোগ করা উচিৎ এবং জিজ্ঞাসা করুন কিভাবে আপনি তা করবেন। এটা সাধারনত ঐ সংস্থার গোপনীয়তা সংক্রান্ত অফিসার (Privacy Contact Officer)। তাদের বিস্তারিত তথ্য ঐ দপ্তর বা সংস্থার ওয়েবসাইটে পাওয়া যাবে।

আরও তথ্যের প্রয়োজন হলে আপনি আমাদের সাথেও যোগাযোগ করতে পারেন।

## আমার ব্যক্তিগত বা স্বাস্থ্যগত তথ্য দেখতে চাইলে কত খরচ পড়বে এবং কত সময় লাগবে?

### HRIP আইনের অধীনে ব্যক্তিগত তথ্য (শুধুমাত্র NSW-এর সরকারী দপ্তরসমূহের জন্য)

আপনি যদি PPIP আইনের অধীনে আপনার ব্যক্তিগত তথ্য জানতে চান তাহলে আপনাকে তা বিনামূল্যে এবং কোন রকমের বিলম্ব ছাড়াই দেয়া হবে।

### HRIP আইনের অধীনে ব্যক্তিগত এবং স্বাস্থ্যগত তথ্য (NSW-এর সরকারী এবং বেসরকারী সেবা প্রদানকারীগণ এবং যারা স্বাস্থ্যগত তথ্য সংগ্রহ করে যেমন ডেনটিষ্ট, ফিজিওথেরাপিষ্ট)

HRIP আইনের অধীনে ব্যক্তিগত এবং স্বাস্থ্যগত তথ্য জানতে চাইলে তা বিনামূল্যে বা ফি-এর বিনিময়ে আপনাকে দেয়া হবে। অযৌক্তিক কারনে বিলম্ব বা অতিরিক্ত খরচ ব্যতিরেকে আপনাকে তথ্য প্রদান করা হবে।

ব্যক্তিগত এবং স্বাস্থ্যগত তথ্য জানতে চাইলে যাদের কাছে এই তথ্য আছে তাদের সাথে প্রথমে যোগাযোগ করুন এবং জিজ্ঞাসা করুন কিভাবে তা জানবেন।

খরচ এবং প্রসেসিং সময়ের বাইরেও আরও কিছু বিষয়ের বিবেচনা করা হতে পারে যেমন, আপনার পর্যালোচনা করার অধিকার, আপনি কিভাবে তথ্য দেখতে চান এবং অন্য কোন তথ্য বিষয় জড়িত কি না।

## যদি আমি মনে করি যে আমার গোপনীয়তা লঙ্ঘন করা হয়েছে তাহলে আমি কি করতে পারি?

NSW-এর সরকারী দপ্তর বা সংস্থা আপনার ব্যক্তিগত বা স্বাস্থ্যগত তথ্য অপব্যবহার করেছে তাহলে আপনি:

### PPIP আইনের অধীনে ব্যক্তিগত তথ্য (শুধুমাত্র NSW-এর সরকারী দপ্তরসমূহের জন্য)

- NSW-এর একটি সরকারী দপ্তর দ্বারা একটি আভ্যন্তরীন পর্যালোচনা করা (আপনি এই ধরনের অনুরোধ করলে একটি অনুসন্ধান অবশ্যই করা হবে)
- নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) নিকট অভিযোগ করতে পারেন
- আপনি যদি পর্যালোচনার ফলাফলে সন্তুষ্ট না হন তাহলে আপনি ঐ সিদ্ধান্তের উপর পুনরায় পর্যালোচনার জন্য নিউ সাউথ ওয়েলস সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal- NCAT) কে অনুরোধ করতে পারেন।

### HRIP আইনের অধীনে ব্যক্তিগত এবং স্বাস্থ্যগত তথ্য (NSW-এর সরকারী এবং বেসরকারী সেবা প্রদানকারীগণ এবং যারা স্বাস্থ্যগত তথ্য সংগ্রহ করে যেমন ডেনটিষ্ট, ফিজিওথেরাপিষ্ট)

- আপনি একটি আভ্যন্তরীন পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন (শুধুমাত্র NSW-এর সরকারী স্বাস্থ্য সেবা দানকারীদের জন্য প্রযোজ্য)
- নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) নিকট একটি বেসরকারী প্রতিষ্ঠান সম্পর্কে অভিযোগ করতে পারেন
- আপনি যদি ফলাফল নিয়ে সন্তুষ্ট না হন এবং প্রাইভেসী কমিশনার একটি রিপোর্ট তৈরী করেছে, তাহলে আপনি ঐ সিদ্ধান্তের উপর পুনরায় পর্যালোচনার জন্য নিউ সাউথ ওয়েলস্ সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal-NCAT) কে অনুরোধ করতে পারেন।

প্রাইভেসী কমিশনারেরও বড় মাপের গোপনীয়তা বিষয়ক অভিযোগ গ্রহনের ক্ষমতা আছে।

*দ্রষ্টব্য: পরিস্থিতির উপর ভিত্তি করে IPC সর্বদা আপনার অভিযোগ গ্রহনে সক্ষম নাও হতে পারে। তথাপি অন্যান্য উপায়/পছন্দ সম্পর্কে আমরা দিক নির্দেশনা দিতে পারি।*

## IPC সম্পর্কে তথ্য

তথ্য এবং গোপনীয়তা কমিশন (Information and Privacy Commission-IPC) একটি স্বাধীন, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ যা NSW-এর সরকারী তথ্য জানার এবং এর গোপনীয়তা সংক্রান্ত আইনসমূহ নিয়ে কাজ করে।

## IPC-এর সাথে যোগাযোগ

আমাদের অফিসের সময়সূচী সকাল ৯টা হতে বিকাল ৫টা, সোমবার থেকে শুক্রবার (সরকারী ছুটির দিন ছাড়া)

| | |
|---|---|
| Post: | GPO Box 7011, Sydney NSW 2001 |
| ফোন: | 1800 IPC NSW (1800 472 679) |
| Email: | ipcinfo@ipc.nsw.gov.au |
| Web: | www.ipc.nsw.gov.au |
| Fax: | (02) 8114 3756 |

# যদি আমি মনে করি যে আমার (স্বাস্থ্য সম্পর্কিত নয় এমন তথ্য) গোপনীয়তা লঙ্ঘন করা হয়েছে তাহলে PPIP আইনের অধীনে কিভাবে আমি অভিযোগ করতে পারি?

এখানে শুরু:

আপনার অভিযোগ কি কোন NSW-এর সরকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে (যাদের মধ্যে আছে স্থানীয় পৌরসভা অথবা বিশ্ববিদ্যালয়)?

না →

আপনার অভিযোগ কি কোন ফেডারেল সরকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে (যেমন Centrelink) অথবা ৩ মিলিয়ন ডলারের উপরে লেনদেন আছে এমন বড় মাপের ব্যবসা প্রতিষ্ঠান?

না →

**আপনার অভিযোগ যদি এই কোন শ্রেনীরই অন্তর্ভুক্ত না হয় তাহলে আপনি নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) নিকট একটি সাধারন অভিযোগ করতে পারেন।**

যদি আপনার অভিযোগ গৃহিত হয় তাহলে শুধুমাত্র প্রাইভেসী কমিশনারই ঐ অভিযোগের সমাধান দিতে পারেন।

হ্যাঁ ↓ (ফেডারেল)

**অস্ট্রেলিয়ান প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) অফিসে যোগাযোগ করুন।** দয়া করে তাদের www.oaic.gov.au ওয়েবসাইট দেখুন বা ১৩০০ ৩৬৩ ৯৯২ নম্বরে ফোন করুন।

হ্যাঁ ↓ (NSW)

## অভিযোগ করা (আভ্যন্তরীন পর্যালোচনা)

- **ঐ সংস্থার কাছে আভ্যন্তরীন পর্যালোচনার জন্য আবেদন করুন (ছয় মাসের মধ্যে)।** এটি একটি আভ্যন্তরীন অনুসন্ধান যা নির্ণয় করে যে ঐ সংস্থা এর গোপনীয়তা সম্পর্কিত নিয়মাবলী মেনে চলে কি না। সংস্থা নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারকে (NSW Privacy Commissioner) উপদেশ দেবে এবং আলোচনা করবে। **পর্যালোচনা ৬০ দিনের মধ্যে সম্পন্ন করা উচিৎ (যদি সাধ্যমত হয়)। এর জন্য কোন ফি নাই।**
- **দপ্তরের হয়ত নির্দিষ্ট কোন আবেদনপত্র আছে।** দপ্তরের ওয়েবসাইট দেখুন বা তথ্য জানার অধিকার বিষয়ক কর্মকর্তার (Right to Information Officer) সাথে যোগাযোগ করুন।
- **যদি না থাকে তাহলে আমাদের ওয়েবসাইটে** (www.ipc.nsw.gov.au) একটি সাধারন ফর্ম আছে। এই ফর্মটি পূরণ করুন এবং যে সংস্থা অভিযোগ গ্রহন করে তাদের কাছে প্রেরণ করুন।

↓

**দপ্তর একটি আভ্যন্তরীন পর্যালোচনা শুরু করবে।** আবেদনপত্র পাওয়ার ৬০ দিনের মধ্যে তা সম্পন্ন করা উচিৎ এবং পর্যালোচনা চলাকালীন সময়ে আপনাকে এ ব্যাপারে হালনাগাদ তথ্য দেয়া হবে। দপ্তর যত তাড়াতাড়ি সম্ভব পর্যালোচনা সম্পন্ন করবে।

↓

## পর্যালোচনার পর:

**দপ্তরের পর্যালোচনার ফলাফলের রিপোর্ট আপনাকে লিখিতভাবে জানানো হবে। দপ্তর অবশ্যই নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারকে (NSW Privacy Commissioner) জানাবে। প্রাপ্ত তথ্যের উপর নির্ভর করে দপ্তর হয়ত:**

- আনুষ্ঠানিকভাবে ক্ষমা চাইতে পারে
- সংশোধনের ব্যবস্থা নেয়া (যেমন ক্ষতিপূরণ দেয়া)
- নিশ্চিয়তা প্রদান করা যে এমনটি আর হবে না
- প্রশাসনিক পর্যায়ে পরিবর্তন আনা যাতে করে এমনটি আর না হয়
- আর কোন ব্যবস্থা না নেয়া

↓

**আপনি যদি পর্যালোচনার ফলাফলে সন্তুষ্ট না হন (অথবা এটা যদি ৬০ দিনের মধ্যে সম্পন্ন না হয়) তাহলে আপনি নিউ সাউথ ওয়েল্স সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal- NCAT)-এর কাছে ঐ অভিযোগের সিদ্ধান্তের উপর পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন।** এর জন্য ৭৭ ডলার খরচ পড়বে। NCAT হয়ত দপ্তরকে এর পরিচালনাতে পরিবর্তন আনা, ক্ষমা চাওয়া বা ক্ষতিপূরণের জন্য আদেশ দিতে পারে। NCAT-এর সিদ্ধান্ত আরোপযোগ্য এবং ক্ষতিপূরণের জন্য পুরস্কার রয়েছে।

# যদি আমি মনে করি যে আমার (স্বাস্থ্য সম্পর্কিত তথ্য) গোপনীয়তা লঙ্ঘন করা হয়েছে তাহলে HRIP আইনের অধীনে কিভাবে আমি অভিযোগ করতে পারি?

**এখানে শুরু:**

**আপনার অভিযোগ কি কোন NSW-এর সরকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে (যাদের মধ্যে আছে স্থানীয় পৌরসভা অথবা বিশ্ববিদ্যালয়)?**

হ্যাঁ →

**যদি আপনার অভিযোগের সাথে NSW-এর একটি সরকারী প্রতিষ্ঠান জড়িত থাকে এবং তা আপনার স্বাস্থ্যগত তথ্য বিষয়ক, তাহলে PPIP আইনের অধীনে আপনি একটি আভ্যন্তরীন পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।** আগের পৃষ্ঠায় দেয়া ধাপগু লো মেনে চলুন।

না →

**আপনার অভিযোগ কি NSW-এর বেসরকারী কোন স্বাস্থ্য সেবা প্রদানকারী অথবা ৩ মিলিয়ন ডলারের উপরে লেনদেন আছে এমন বড় মাপের সংস্থার বিরুদ্ধে যারা স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ করে (যেমন ডেনটিষ্ট, ফিজিওথেরাপিষ্ট)?** আপনি নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) কাছে অভিযোগ করতে পারেন (এই বিষয়টি জানার ৬ মাসের মধ্যে) **অথবা** অষ্ট্রেলিয়ান প্রাইভেসী কমিশনারের অফিসেও (Office of the Australian Privacy Commissioner) অভিযোগ করতে পারেন (ডান দিকে বিস্তারিত দেয়া আছে)। তবে আপনি দুই জায়গায় একই অভিযোগ করতে পারবেন না।

না →

**আপনার অভিযোগ কি কোন ফেডারেল সরকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে (যেমন ঈবহঃৎবষরহশ) অথবা ৩ মিলিয়ন ডলারের উপরে লেনদেন আছে এমন বড় মাপের ব্যবসা প্রতিষ্ঠান?**

হ্যাঁ →

**অষ্ট্রেলিয়ান প্রাইভেসী কমিশনারের (NSW Privacy Commissioner) অফিসে যোগাযোগ করুন।** দয়া করে তাদের www.oaic.gov.au ওয়েবসাই দেখুন বা ১৩০০ ৩৬৩ ৯৯২ নম্বরে ফোন করুন।

হ্যাঁ →

**নিউ সাউথ ওয়েলস্ প্রাইভেসী কমিশনার (NSW Privacy Commissioner) আপনার অভিযোগটি নির্ণয় করবে এবং সিদ্ধান্ত নেবে যে এটি নিয়ে আর কাজ করবে কি না।** যদি প্রাইভেসী কমিশনার আপনার অভিযোগটি গ্রহন করেন এবং সমাধানের চেষ্টা করেন, তাহলে তা নীচের প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা হয়।

**সমাধান:** এটা চূড়ান্ত এবং প্রক্রিয়া সমাপ্ত হয়।

**ফলাফলের উপর প্রতিবেদন:** এটা অভিযোগকারীকে নিউ সাউথ ওয়েল্স সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal-NCAT)-এর মাধ্যমে আরও পর্যালোচনা করার সুযোগ দেয়।

**মীমাংসা:** এটা চূড়ান্ত এবং প্রক্রিয়া সমাপ্ত হয়।

↓

**আপনি যদি পর্যালোচনার ফলাফলে সন্তুষ্ট না হন (অথবা এটা যদি ৬০ দিনের মধ্যে সম্পন্ন না হয়) তাহলে আপনি নিউ সাউথ ওয়েল্স সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal- NCAT)-এর কাছে ঐ অভিযোগের সিদ্ধান্তের উপর পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন।** এর জন্য ৭৭ ডলার খরচ পড়বে। NCAT হয়ত দপ্তরকে এর পরিচালনাতে পরিবর্তন আনা, ক্ষমা চাওয়া বা ক্ষতিপূরণের জন্য আদেশ দিতে পারে। NCAT-এর সিদ্ধান্ত আরোপযোগ্য এবং ক্ষতিপূরণের জন্য পুরষ্কার রয়েছে।

*দ্রষ্টব্য: এই তথ্য পত্রে প্রদত্ত তথ্যসমূহ একটি নির্দেশিকা মাত্র। প্রতিটি আলাদা ক্ষেত্রবিশেষে আইনগত উপদেশ নেয়া উচিৎ।*